



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ : ৭-১২-২০১৫

No.7(1)-SWC/Pc/Attempt -Rape-Murder/Sl.445 /2015/5568-77


প্রেস রিলিজ

দুর্ভোগের দায়ের কোপে রক্তাক্ত মহিলা- মহিলা কমিশন দুর্ভোগটির কঠোর শাস্তি চায়

গত ১লা ডিসেম্বর স্থানীয় পত্রিকায় 'ধর্ষনে ব্যর্থ হয়ে হত্যার চেষ্টা' শীর্ষক সংবাদের ভিত্তিতে ২রা ডিসেম্বর মহিলা কমিশনের ভাইস চেয়ারপার্সন একজন প্রতিনিধিকে নিয়ে জি বি পি হাসপাতালে যান ঘটনার তদন্তে। তদন্তে গিয়ে বিলোনীয়া মহকুমার পি আর বাড়ী থানাধীন জনৈকা নির্যাতিতা মহিলার সাথে কথা বলেন। নির্যাতিতার সাথে কথা বলে জানা যায় গত ৩০শে নভেম্বর সকাল আনুমানিক ১১ ৩০ মিনিট নাগাদ তিনি তার বাড়ীর পূর্ব দিকে খালি জায়গায় গরুকে জল খাওয়াতে যান। আকস্মিক ভাবে সমীর পাল নামে এক দুর্ভোগ পেছন দিক থেকে তার চুলের মুঠি ধরে টেনে হিচড়ে জঙ্গলে নিয়ে গিয়ে তার কাপড় খোলে ফেলার চেষ্টা করে। কিল চড় মেরে বলে তোর ক্ষতি যখন করতে পারিনি তখন তোকে কেটে নদীর চড়ে ফেলে দেব। এই কথা বলে দা দিয়ে এলোপাথারী কোপাতে থাকে এবং মহিলার ডান কানটি কেটে ফেলে, বাঁ হাতের তিনটি আঙ্গুলও কেটে দেয়, ঘাড়ে কোপ দেয়। আক্রান্ত মহিলা চীৎকার করে দৌড়ে জঙ্গল থেকে বেরিয়ে আসে। আশে পাশের লোকজন ছুটে আসলে দুর্ভোগটি পালিয়ে যায়। এই অবস্থায় প্রথমে আনুমানিক ১২টা নাগাদ বড়পাথারী প্রাথমিক হাসপাতালে তাকে নিয়ে যাওয়া হয়, সেখান থেকে বিলোনীয়া হাসপাতাল হয়ে ঐ দিনই জি বি হাসপাতালে রেফার করা হয়। তার ঘাড়ে অনেক সেলাই লাগে।

সমীর পাল আক্রান্ত মহিলার গ্রামেরই বাসিন্দা। সমীরের সাথে তাদের কোন বিবাদ ছিল না, তবে সমীরের স্বভাব ভাল নয় বলে মহিলা জানান। পি আর বাড়ী থানায় কেস করা হয়েছে। তবে সে পালিয়ে বেড়াচ্ছে। আক্রান্ত মহিলা সমীর পালের কঠোর শাস্তি চান।

কমিশনও ঘটনার সূষ্ঠ তদন্ত ক্রমে দুর্ভোগটির কঠোর শাস্তি চায়।


(Smt. Aparna Deb)
Member Secretary
Tripura Commission for Women